তারিখ ... 20 APR 1996 ...
পৃষ্ঠা · ৭ কলাম 2 ...

দৈনিক বাংলা

# দাখিল পরীক্ষার ৭৯টি উত্তরপত্র চটের নিচ থেকে উদ্ধার

**নিজস্ব সংবাদদাতা :** জামালপুর।– মাদ্রাসা শিক্ষা বোর্ডের চলতি দাখিল পরীক্ষার জামালপুর কেন্দ্রের সচিব এবং বেলটিয়া সিনিয়র মাদ্রাসার অধ্যক্ষের অফিস কক্ষের মেঝের চটের নিচ থেকে গত ১১ এপ্রিল ছাত্রছাত্রীদের দেয়া বাংলা পরীক্ষার মূল দুটি খাতাসহ ৭৯টি উত্তরপত্র উদ্ধার করা হয়েছে। এ ঘটনায় জেলা প্রশাসক কেন্দ্রসচিব মওলানা শামসুল আলমকে দায়িত্ব থেকে অব্যাহতি দিয়েছেন।

জেলা প্রশাসন সূত্রে জানা গেছে, ১১ এপ্রিল বাংলা পরীক্ষা ছিল। পরীক্ষা শেষে বাগেরহাটস্থ জামালপুর সিনিয়র মাদ্রাসা উপকেন্দ্র থেকে ৬৮টি খাতা মূল কেন্দ্র বেলটিয়া সিনিয়র মাদ্রাসা কেন্দ্রে পাঠানো হয়। উপকেন্দ্রের দু'জন শিক্ষক খাতাগুলো কেন্দ্রসচিবের নিকট বুঝিয়ে দিয়ে চূড়ান্ত প্যাকেট ও সীলগালা না হওয়া পর্যন্ত অপেক্ষা করেন। খাতা প্যাকেট হওয়ার আগে বলা হয়, এই কেন্দ্রের ২১৮৪৯ এবং ২১৮৫০ নং রোলধারী পরীক্ষার্থীর খাতা হারিয়ে গেছে।

কর্তব্যরত ম্যাজিস্ট্রেট মাহমুদুল হাসানের নির্দেশে প্রথমে একটি খাতা ও পরে আরেকটি খাতা অধ্যক্ষের অফিসের মেঝেতে বিছানো চটের নিচ থেকে খুঁজে বের করা হয়। এতে দেখা যায়, খাতা দু'টোর পেছনের সংযুক্ত অতিরিক্ত উত্তরপত্র নেই। অথচ অতিরিক্ত খাতা ব্যবহারের ক্রমিক নম্বর আছে।

পুনরায় খোঁজাখুজির পর আরও ৭৭টি অতিরিক্ত উত্তরপত্র বেরিয়ে পড়ে। এগুলো জামালপুর সিনিয়র মাদ্রাসা উপকেন্দ্রের পরীক্ষার্থীদের খাতা হতে বিচ্ছিন্ন করা হয়েছে। ম্যাজিস্ট্রেট উদ্ধারকৃত ৭৯টি খাতা বস্তায় সীলগালা করে জেলা প্রশাসককে অবহিত করেন। জেলা প্রশাসক তা স্থানীয় ট্রেজারীতে জমা দেন।

জামালপুর সিনিয়র মাদ্রাসার ভারপ্রাপ্ত অধ্যক্ষ মোঃ জহুরুল ইসলাম অভিযোগ করেছেন, বেলটিয়া সিনিয়র মাদ্রাসার অধ্যক্ষ ও কেন্দ্রসচিব মওলানা শামসুল ইসলাম জামালপুর মাদ্রাসার উপকেন্দ্রটি মেনে নিতে পারেননি। জেলা প্রশাসক উপকেন্দ্র স্থাপনের অনুমতি দেয়ায় তিনি প্রতিবাদ না করলেও পরীক্ষার্থীদের উত্তরপত্র চুরি করে তাদের ফেল করানোর এক হীন ষড়যন্ত্রের পথ বেছে নেন বলে তিনি অভিযোগ করেন।

এদিকে, বাংলা পরীক্ষার আগে যে ৩টি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে সেগুলোতেও একই ধরনের ঘটনা ঘটতে পারে বলে অভিভাবক ও পরীক্ষার্থীরা আশংকা করছেন। এজন্য তাদের মনে ক্ষোভের সঞ্চার হয়েছে। এ ব্যাপারে তদন্ত এবং প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি আবেদন জানানো হয়েছে।